

নেই কিছুই

-অনুরাগ দেব

হয়তো তোকে পাবার মতো
আমার কাছে নেই কিছুই। আছে তোকে হারাবার মতো অনেক কিছুই
তবু মন বারবার ফিরে যেতে চায় তোর কাছেই।
খুঁজে পেতে চায় তোর হাতের আলতো ছোঁয়ায়,
আমার ক্লান্তি অবসান্দের শেষ ঠিকানা।
তোর কোলে মাথা রেখে যেতে চায় স্বপ্নে দুনিয়ায়,
খুঁজে পেতে চায় এক নতুন ভোরের স্বপ্নের শুরু।
তোর অক্ষিযুগলের নেশায় মাতাল হয়ে,
হার মানাতে চায় মাতালের মাতলামিকে।
তোর হাসিমাখা মুখের মাঝে,
খুঁজে পেতে চায় সকল দুঃখের শেষ ঠিকানা,
জানি তোকে পাবার মতো আমার কাছে নেই কিছুই,
আছে তোকে হারাবার মতো অনেক কিছুই।
তবু মন বারবার ফিরে যেতে চায় তোর কাছেই কেন ?
তার জাবার আজও খুঁজে পেয়েও খুঁজে পাই না কোথাও যেন।